# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ ও নামায পড়ার জায়গা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## ইমামের সুতরাই মুক্তাদীদের সুতরাহ্

ইমামের সামনে সুতরাহ্ থাকলে মুক্তাদীদের জন্য পৃথক সুতরার দরকার হয় না। মহানবী (ﷺ) ঈদের দিন নামায পড়তে বের হলে তাঁর সামনে বর্শা গাড়া হত। তিনি তা সুতরাহ্ বানিয়ে নামায পড়তেন এবং লোকেরা তাঁর পশ্চাতে (বিনা সুতরায়) নামায পড়ত। (বুখারী ৪৯৪, মুসলিম, সহীহ ৫০১নং)

একদা তিনি বাত্বহায় নামায পড়লেন। তাঁর সামনে (সুতরাহ্) ছিল ছোট একটি বর্শা। আর তাঁর সম্মুখ বেয়ে মহিলা ও গাধা পার হয়ে যাচ্ছিল। (বুখারী ৪৯৫নং, মুসলিম, সহীহ ২৫২নং)

বিদায়ী হ্জ্জের সময় মহানবী (ﷺ) মিনায় নামায পড়ছিলেন। ইবনে আব্বাস (রাঃ) একটি গাধীর পিঠে চড়ে কিছু কাতারের সামনে বেয়ে পার হয়ে এসে নামলেন। অতঃপর গাধীটিকে চরতে ছেড়ে দিয়ে কাতারে শামিল হলেন। তা দেখে কেউ তাঁর প্রতিবাদ করল না। (বুখারী ৪৯৩, মুসলিম, মিশকাত ৭৮০নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2842

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন